তারিখ 24 FEB 2016
পৃষ্ঠা 2 কলাম 6

আমাদের সময়

# আবার আন্দোলনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●** অষ্টম বেতন কাঠামোতে টাইম স্কেল ও সিলেকশন গ্রেড বাতিল করার প্রতিবাদে আবারও আন্দোলনে যাচ্ছেন পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। সূত্র মতে আগামী ৬ মার্চের মধ্যে দাবি বাস্তবায়িত না হলে ফের লাগাতার কর্মবিরতির মতো কঠোর কর্মসূচিতে যেতে পারেন তারা। আগামী ৮ মার্চ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সাধারণসভায় এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে গতকাল বাংলাদেশ পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সাধারণসভায় এমন মতামত দিয়েছেন বিভিন্ন এরপর পৃষ্ঠা ১১, কলাম ৪

## আবার আন্দোলনে বিশ্ববিদ্যালয়ের

(প্রথম পৃষ্ঠার পর) পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নেতারা। ফেডারেশনের মহাসচিব অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল বলেন, ৬ মার্চ পুনর্গঠিত মন্ত্রিসভা কমিটির চূড়ান্ত সভা অনুষ্ঠিত হবে। সেখানে শিক্ষক প্রতিনিধিরাও থাকবেন। দাবি বাস্তবায়িত না হলে ৮ মার্চ ফেডারেশনের সাধারণসভায় শিক্ষকদের মতামত নিয়ে পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে। উল্লেখ্য, দীর্ঘদিন আন্দোলন করার পরেও দাবি না মেনে না নেওয়ায় গত ১১ জানুয়ারি থেকে লাগাতার কর্মবিরতি পালন করছিলেন শিক্ষকরা। পরে ১৮ জানুয়ারি গণভবনে পিঠা উৎসবে ডেকে শিক্ষক ফেডারেশনের নেতাদের সঙ্গে দীর্ঘ আলোচনা করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর শিক্ষকরা দাবির পক্ষে শিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব জমা দেন। এর পরিপ্রেক্ষিতে গত ১৯ জানুয়ারি সভা করে লাগাতার কর্মবিরতি স্থগিত করে ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সংগঠন।